হামের টিকা কার্যক্রম শুরু হচ্ছে আগামীকাল: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

ঢাকায় হামের সংক্রমণ নিয়ন্ত্রণে আগামীকাল সকাল ৯টা থেকে বিশেষ টিকাদান কার্যক্রম শুরু হচ্ছে বলে জানিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। প্রাথমিকভাবে রাজধানীর ৩০টি উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় এই কর্মসূচি পরিচালিত হবে।

এদিকে, গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে রাজধানীর ডিএনসিসি কোভিড ডেডিকেটেড হাসপাতালে একজনের মৃত্যু হয়েছে। একই সময়ে সেখানে নতুন করে ভর্তি হয়েছেন ৭০ জন রোগী। বর্তমানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা তিন শতাধিক, যার বড় অংশই শিশু।

হাসপাতালটির পরিচালক কর্নেল লতিফা রহমান এক ব্রিফিংয়ে জানান, সদ্যোজাত শিশু থেকে শুরু করে বিভিন্ন বয়সী মানুষ প্রতিদিনই আক্রান্ত হয়ে হাসপাতালে আসছেন। তবে চিকিৎসা ব্যবস্থাপনায় কোনো সংকট নেই—পর্যাপ্ত চিকিৎসক, ওয়ার্ড ও শয্যা প্রস্তুত রয়েছে।

তিনি আশা প্রকাশ করেন, টিকাদান কর্মসূচি শুরু হলে সংক্রমণের হার দ্রুত কমে আসবে।

LENS ASIA